

প্রাথমিক সমাপনী পরীক্ষা
জাতীয় পর্যায়ে মুন্সীগঞ্জ শ্রেষ্ঠ

■ মুন্সীগঞ্জ প্রতিনিধি

প্রাথমিক সমাপনী পরীক্ষায় জাতীয় পর্যায়ে শ্রেষ্ঠ জেলার পুরস্কার পেয়েছে মুন্সীগঞ্জ। প্রাথমিক শিক্ষা সঙ্ঘের অনুষ্ঠানে গত সোমবার ঢাকার ওসমানী মিলনায়তনে প্রধানমন্ত্রী এই পুরস্কার তুলে দিয়েছেন মুন্সীগঞ্জের জেলা প্রশাসক মো. আফিজুল আলমের হাতে।

গত ২৬ ডিসেম্বর প্রকাশিত ২০১১ সালের প্রাথমিক সমাপনী পরীক্ষায় মুন্সীগঞ্জ জেলার পাবের হার ছিল ৯৯ দশমিক ৮৯ শতাংশ। এবার এই জেলায় ২২ হাজার ৯৭৬ জন পরীক্ষা দিয়ে পাস করেছে ২২৯৫১ শিক্ষার্থী। এর মধ্যে 'এ গ্ৰান্স' পেয়েছে ১৪১৭, 'এ' ৭৪৬৮, 'এ মাইনাস' ৫৯৮৬, 'বি' ৪৪৭৮, 'সি' ৩২১২ ও 'ডি' গ্রেড পেয়েছে ৩৯০ শিক্ষার্থী। গোটা জেলায় ফেল করেছে মাত্র ২৫ জন শিক্ষার্থী। মুন্সীগঞ্জ সদর, টঙ্গীবাড়ি, কৌতুহল ও শ্রীনগর উপজেলায় শতভাগ এবং গজারিয়ায় ৯৯ দশমিক ৯২ ও পিরাজদিখান ৯৯ দশমিক ৪৯ শতাংশ শিক্ষার্থী উত্তীর্ণ হয়েছে। বিগত ২০১০ সনের ফলাফলেও মুন্সীগঞ্জ জেলা জাতীয় পর্যায়ে প্রথম স্থান লাভ করে।

মুন্সীগঞ্জের জেলা প্রশাসক মো. আফিজুল আলম পুরস্কার গ্রহণের পর প্রতিক্রিয়ায় জানান, এই পুরস্কার মুন্সীগঞ্জের শিক্ষাকে আরেক ধাপ এগিয়ে দিবে। আগামীতে এই জেলা আরো ভালো ফলাফলের প্রচেষ্টা অব্যাহত থাকবে।